ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৮৬০</u>

খোয়াই, ২৩ মে, ২০২৫

**গৌরনগর পঞ্চায়েত কার্যালয়ে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল গৌরনগর পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে এলাকার মানুষ তাদের নানাবিধ প্রশাসনিক ও স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবা এক ছাদের নিচে পেয়ে উপকৃত হন। শিবিরে উপস্থিত ছিলেন খোয়াই মহকুমার মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টর নীপেন্দ্র দেববর্মা, গৌরনগর পঞ্চায়েতের প্রধান দ্রৌপদী নম: বিশ্বাস, উপ প্রধান বিভাস সিনহা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিক ও কর্মীরা। শিবিরে মোট ১২টি আধার কার্ড সংশোধন ও নিবন্ধন, ৭টি পিআরটিসি, ২টি এসটি, ৩টি ওবিসি, ২টি আয়ের শংসাপত্র, ২টি জন্মের শংসাপত্র এবং ৩৮টি আরওআর শংসাপত্র সম্পর্কিত আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়া স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে তাদের প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়।

*****